



ফোন নং : 03222266602

পশ্চিমবঙ্গ সরকার  
জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণ  
পশ্চিম মেদিনীপুর

গড়বেতা -2 ব্লকের খাস / আংশিক খাস মীনাধারগুলির বন্দোবস্তের জন্য  
দরপত্র আহ্বানের বিজ্ঞপ্তি নং 03/2022-23.

ক্রমিক নং	ঘটনাপত্রী	তারিখ	সময়	স্থান
1	প্রকাশনার তারিখ	16/09/2022	বিকাল 5:00 টা	
2	দরপত্র জমা করার শুরুর তারিখ	17/09/2022	বেলা 11:00 টা	সংশ্লিষ্ট সমষ্টি ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে অথবা জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে (সরকারী ছুটির দিন ব্যতীত)
3	দরপত্র জমা করার শেষ তারিখ	23/09/2022	বিকাল 5:00 টা	
4	টেন্ডার খোলার তারিখ	26/09/2022	বেলা 1:00 টা	জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিকের করণে

এতদ্বারা নিবন্ধিত পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্যচাষাদি কাজের সাথে যুক্ত, তাহাদের পরিচালন কর্তৃপক্ষগণকে এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থাকে জানানো যাইতেছে যে, অত্রসহ তালিকাভুক্ত মীনাধারগুলি (তপসিল ক) 03 (তিন) বছরের জন্য বার্ষিক 5 শতাংশ লীজ রেন্ট বৃদ্ধির ভিত্তিতে জলকর বন্দোবস্ত দেওয়ার জন্য নিম্নলিখিত শর্তাবলীর সাপেক্ষে উল্লিখিত দিন ও সময়ে দরপত্র আহ্বান করা হইতেছে।

উল্লিখিত বন্দোবস্তের জন্য নিবন্ধিত পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদকগোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত, তাহাদের পরিচালন কর্তৃপক্ষগণকে এবং মৎস্যদপ্তরের অধীনস্থ সংস্থার কাছে এই দপ্তরের 25/02/2016 তারিখের 757 /LP /1A-4 /2012 নং নোটিফিকেশন অনুযায়ী অদ্যাবধি সংশোধিত 1991 খৃষ্টাব্দের পশ্চিমবঙ্গ ভূমি ও ভূমি সংস্কার নির্দেশিকায় বর্ণিত সরকারী মীনাধার বন্দোবস্ত সম্পর্কিত সংশ্লিষ্ট আইন/ধারা অনুসারে, মাননীয় পশ্চিম মেদিনীপুর জেলা সমাহর্তার আদেশানুসারে এবং ভূমি ও ভূমি সংস্কার এবং উদ্বাস্তু ত্রাণ ও পূর্ণবাসন দপ্তর, পশ্চিমবঙ্গ এর পত্র নং 1172/(2)-GE(M)/1F-09/2020 তারিখ 25/03/2022 অনুযায়ী দরপত্র প্রদানের জন্য আহ্বান জানানো যাইতেছে।

প্রাসঙ্গিক নথিপত্রগুলি (নিম্ন তালিকাভুক্ত) দরপত্র প্রদানের নথিপত্রের সঙ্গে জমা করিতে হইবে। প্রতিটি মীনাধারের ক্ষেত্রে উল্লিখিত নূন্যতম ধার্য মূল্যের (Reserve Price) 10 শতাংশ পরিমাণ অর্থ আর্নেস্ট মানি জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, পশ্চিম মেদিনীপুর (District Land & Land Reforms Officer, Paschim Medinipur) এর অনুকূলে সম্পাদিত ব্যাঙ্কড্রাফট মেদিনীপুর শহরে প্রাপ্তব্য (Payable at Medinipur) এর মাধ্যমে জমা দিতে হইবে। সর্বোচ্চ দরপত্র প্রদানকারীকে বন্দোবস্ত দেওয়া হইবে।

টেন্ডারে অংশগ্রহণকারী সকলকে তাদের যোগ্যতা প্রমানের স্বপক্ষে প্রদত্ত নথির আসল (Original) কপি, যখন দরকার হবে এবং চাওয়া হবে তখনই পেশ করতে হবে।

**-: তালিকা :-**

কার্য বিবরণী	বিস্তারিত
গড়বেতা-2 ব্লকের 4 টি সরকারী মীনাধারের বন্দোবস্ত	‘ক’ তপশীল বর্ণিত সরকারী মীনাধারগুলি 03 (তিন) বছরের বন্দোবস্তের জন্য দরপত্র আহ্বান করা হচ্ছে। বন্দোবস্ত গ্রহণে ইচ্ছুক পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত, তাহাদের পরিচালন কর্তৃপক্ষগণকে এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থার প্রতিনিধির নিকট হইতে <b>10 (দশ) টাকা কোর্ট ফি</b> সংযুক্ত দরখাস্ত মুখবন্ধ খামে সীলকরা দরপত্র আহ্বান করা হইতেছে।
চুক্তির মেয়াদ (Lease Period)	03 (তিন) বছর।
নীলাম আহ্বায়ক	সরকারী মীনাধার বন্দোবস্ত কমিটির পক্ষে জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, পশ্চিম মেদিনীপুর।
নীলামে অংশগ্রহণকারীর যোগ্যতা	নিবন্ধিত সক্রিয় পশ্চিম মেদিনীপুর জেলার প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থার যথেষ্ট উদ্যোগ ও সাংগঠনিক প্রসারতা, অর্থনৈতিক স্বচ্ছন্দ এবং সুনাম থাকা আবশ্যিক।
আনেষ্ট মানি জমা দেওয়ার পদ্ধতি	টেন্ডারে অংশগ্রহণকারী নিবন্ধিত পশ্চিম মেদিনীপুর জেলার সক্রিয় প্রাথমিক (Functional primary) মৎস্যজীবী সমবায় সমিতি, মৎস্য উৎপাদক গোষ্ঠী, স্বনির্ভর গোষ্ঠী (SHG) যাহারা মৎস্য চাষাদি কাজের সাথে যুক্ত, তাহাদের পরিচালন কর্তৃপক্ষগণকে এবং মৎস্য দপ্তরের অধীনস্থ সংস্থার প্রতিনিধিকে জেলা ভূমি ও ভূমি সংস্কার আধিকারিক, পশ্চিম মেদিনীপুর (District Land & Land Reforms Officer, Paschim Medinipur) এর অনুকূলে সম্পাদিত ব্যাল্ড্রাফট মেদিনীপুর শহরে প্রাপ্তব্য (Payable at Medinipur) এর মাধ্যমে জমা দিতে হইবে।
দরপত্র সংক্রান্ত নথিপত্র	<p>1) <b>সংবিধিবদ্ধ নথিপত্র (Statutory Documents):-</b></p> <p>ক) আনেষ্ট মানি জমা সংক্রান্ত ব্যাল্ড্রাফট (প্রতিটি সরকারী মীনাধারের ক্ষেত্রে প্রদর্শিত নূন্যতম Economic Lease rent এর 10 শতাংশ।)</p> <p>খ) সংস্থার দাবীর স্বপক্ষে উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত রেজিস্ট্রেশন সার্টিফিকেট (স্বপ্রত্যয়িত) ইত্যাদি, যাহা প্রযোজ্য।</p> <p>গ) শেষ পাঁচ বছরের আয়কর দাখিল সংক্রান্ত নথিপত্র।</p> <p>ঘ) ভোটার কার্ড / আধার কার্ড / প্যান কার্ডের ফটোকপি।</p> <p>ঙ) ব্যাল্ড্রাফট এর পাস বই এর স্ব-প্রত্যয়িত ফটোকপি।</p> <p>2) <b>অ-সংবিধিবদ্ধ নথিপত্র (Non – Statutory documents):-</b></p> <p>শেষ তিন বছরের আয়-ব্যয়ের হিসাব (উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা শংসিত অডিট রিপোর্ট।)</p>